



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং- ৩৭.০২.০০০০.১১০.১৪.০০১.২২-০৬

তারিখ : ২২/১২/২০২২ খ্রি.

**বিষয়: মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের জাতীয় শিক্ষাক্রম বিভাগ কর্মসূচির আওতায় “বিষয় ভিত্তিক অনলাইন প্রশিক্ষণ” কর্মসূচিতে অংশগ্রহণ সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩ শিক্ষাবর্ষ থেকে সারাদেশে মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়, মাদরাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ এবং প্রাথমিক বিদ্যালয় সমূহে (যেসকল প্রাথমিক বিদ্যালয়ে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত পাঠদান করা হয়) ষষ্ঠ ও সপ্তম শ্রেণিতে জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এর আলোকে প্রণীত শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক অনুযায়ী শিক্ষণ কার্যক্রম চালু হতে যাচ্ছে। শিক্ষাক্রম বাস্তবায়নে শিক্ষকদের ধারাবাহিক বিভিন্ন প্রশিক্ষণ প্রদানের অংশ হিসেবে শীঘ্রই বিষয় ভিত্তিক ফেস টু ফেস প্রশিক্ষণ কার্যক্রম শুরু হবে। উক্ত ফেস টু ফেস প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে নিম্নবর্ণিত তারিখ ও সময় সূচি অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ের মাধ্যমিক পর্যায়ের বিদ্যালয়, মাদরাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ এবং প্রাথমিক বিদ্যালয়সমূহের (যেসকল প্রাথমিক বিদ্যালয়ে ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত পাঠদান করা হয়) সকল শিক্ষককে অনলাইন মুক্তপাঠ ই-লার্নিং প্লাটফর্মে যুক্ত হয়ে “বিষয়ভিত্তিক অনলাইন প্রশিক্ষণ” কোর্সটি সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

| প্রশিক্ষণের তারিখ | প্রশিক্ষণ শুরুর সময় | প্রশিক্ষণের বিষয়                  |
|-------------------|----------------------|------------------------------------|
| ২৪/১২/২০২২ খ্রি.  | সকাল ০৯.০০           | বাংলা                              |
|                   | সকাল ০৯.০০           | ইসলাম ধর্ম                         |
|                   | সকাল ১০.০০           | ইংরেজি                             |
|                   | সকাল ১০.০০           | স্বাস্থ্য সুরক্ষা                  |
|                   | সকাল ১১.০০           | গণিত                               |
|                   | সকাল ১১.০০           | শিল্প ও সংস্কৃতি                   |
|                   | দুপুর ১২.০০          | হিন্দু ধর্ম                        |
|                   | দুপুর ১২.০০          | বৌদ্ধ দর্ম                         |
|                   | দুপুর ১২.০০          | হিন্দু ধর্ম                        |
|                   | বিকাল ০৩.০০          | জীবন ও জীবিকা (১ম অংশ)             |
| ২৫/১২/২০২২ খ্রি.  | বিকাল ০৪.০০          | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান (১ম অংশ)  |
|                   | সকাল ০৯.০০           | বিজ্ঞান                            |
|                   | সকাল ০৯.০০           | ডিজিটাল টেকনোলজি                   |
|                   | সকাল ১০.০০           | ইতিহাস ও সামাজিক বিজ্ঞান (২য় অংশ) |
|                   | সকাল ১১.০০           | জীবন ও জীবিকা (২য় অংশ)            |

এই প্রশিক্ষণে অংশগ্রহণ করা বাধ্যতামূলক। এই প্রশিক্ষণ ছাড়া কোন শিক্ষক সরাসরি প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন না।

*Babu*  
২১.৩.২০২২  
প্রফেসর ড. প্রবীর কুমার ভট্টাচার্য  
পরিচালক (প্রশিক্ষণ)

ও  
ক্ষিম পরিচালক (অ.দা.)  
Dissemination of New  
Curriculum শীর্ষক ক্ষিম

আঞ্চলিক উপপরিচালক (সকল)  
জেলা শিক্ষা কর্মকর্তা (সকল)  
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা (সকল)  
মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান প্রধান (সকল)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা
২. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
৩. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
৪. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), ঢাকা
৫. প্রকল্প পরিচালক, এটুআই, আইসিটি বিভাগ, ঢাকা
৬. পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৭. পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৮. পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
৯. সদস্য (শিক্ষাক্রম), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি), ঢাকা
১০. আঞ্চলিক পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা (সকল অঞ্চল)
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), মাদরাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
১৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট (ইএমআইএস), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (সংশ্লিষ্ট সকলের অফিসিয়াল মেইলে প্রেরণ এবং মাউশি'র ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)
১৪. পিএ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
১৫. অফিস কপি।